কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১-৩০ তারিখ: ২৬ /০৫/২০২৪ খ্রি.

**বিষয়ঃ বাংলাদেশ GAP প্রোটোকল অনুসরণে উৎপাদিত পণ্যের বাজারজাতকরণের কৌশল নির্ধারণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ এবং সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্রঃ ১২.২০.০০০০.০০৪.০০৪.২৮.১৩৩৭; তারিখঃ ১৩-০৫-২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১৮/০৫/২০২৪ খ্রি. তারিখে বাংলাদেশ GAP প্রোটোকল অনুসরণে উৎপাদিত পণ্যের বাজারজাতকরণের কৌশল নির্ধারণ বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

২৬/০৫/২০২৪

(ড. শেখ মোহাম্মদ বখতিয়ার)
নির্বাহী চেয়ারম্যান
ই-মেইল: ec.barc@barc.gov.bd
ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২

**সংযুক্তিঃ সভার কার্যবিবরণী।**

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

২। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৩। ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ঢাকা

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫

www.barc.gov.bd

## বাংলাদেশ GAP প্রোটোকল অনুসরণে উৎপাদিত পণ্যের বাজারজাতকরণের কৌশল নির্ধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক, GAP ইউনিট, বিএআরসি। |
| সভার তারিখ ও সময় | : ১৮ মে ২০২৪, সকাল ১০:৩০ ঘটিকা। |
| স্থান | : সভাকক্ষ- ২, বিএআরসি। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা ২০২০ প্রকাশিত হওয়ার পর হতে নিরাপদ, মানসম্পন্ন খাদ্য উৎপাদন, পরিবেশগত উন্নয়ন, সামাজিক সুরক্ষা ও কর্মীর স্বাস্থ্য এবং ভোক্তার স্বাস্থ্য রক্ষার লক্ষ্যকে সামনে রেখে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান কাজ করছে। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল- স্কিমওনার ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ এগ্রিকালচারাল সার্টিফিকেশন বডি (বিএসিবি) হিসেবে কাজ করছে। বর্তমানে PARTNER প্রকল্পের অর্থায়নে ৮টি ফসলের GAP প্রোটোকল প্রণয়ন করা হচ্ছে এবং উক্ত প্রোটোকলসমূহ বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (GAP) মানদন্ড অনুসরণপূর্বক মাঠ পর্যায়ে ১ একর জমিতে ভেলিডেশন ট্রায়াল বাস্তবায়ন করা হচ্ছে। ট্রায়াল হতে উৎপাদিত পণ্যসমূহ ভোক্তা পর্যায়ে পরিচিতি ও বাজারজাতকরণের উদ্দেশ্যেই আজকের এ সভার আয়োজন।

০.২। অত:পর ড. মিয়া সাঈদ হাসান, GAP কনসালটেন্ট, এপিসিইউ-বিএআরসি, PARTNER উত্তম কৃষি চর্চার সার্বিক প্রেক্ষাপট তুলে ধরে বলেন, উৎপাদিত পণ্য কিভাবে মার্কেট লিংকেজ করা হবে তা মূল আলোচ্য। এক্ষেত্রে কৃষি বিপণন অধিদপ্তর ও হর্টেক্স ফাউন্ডেশনের কার্যক্রম প্রণীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনায় উল্লেখ রয়েছে। তিনি আরও বলেন, উৎপাদিত পণ্যসমূহ বর্তমানে স্থানীয় ও দেশীয় বাজারে প্রচার প্রচারণার ব্যবস্থা করতে হবে।

০.৩। জনাব সফিউজ্জামান, উপপরিচালক (হার্টিকালচার উইং) ও আহবায়ক, GAP ইউনিট, ডিএই বলেন আগামী বছর থেকে BACB আবেদন প্রক্রিয়া শুরু করবে, সে লক্ষ্যে GAP ভেলিডেশন উৎপাদিত পণ্যসমূহ সম্পর্কে পরিচিতি এবং ভোক্তা পর্যায়ে সচেতনা বৃদ্ধির জন্য বাংলাদেশ GAP সার্টিফিকেশন পণ্য বাজারে আসছে এ সম্পর্কে প্রচারণা করার পরামর্শ ব্যক্ত করেন। এক্ষেত্রে তিনি প্যাকেটে এবং পণ্যের গায়ে লোগো ট্যাগ দেয়াসহ বাংলাদেশ GAP অনুসরণকৃত পণ্য লেখার সুপারিশ করেন এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করবে বলে সভাকে জানান।

০.৪। ড. মোশাররফ উদ্দিন মোল্লা, সদস্য পরিচালক (এইআরএস), বিএআরসি, পণ্যের মূল্য নির্ধারণ করার ক্ষেত্রে উৎপাদন খরচ এবং অন্যান্য বিষয়ের ওপর গরুত্বারোপ করেন। এক্ষেত্রে তিনি স্থানীয় বাজারের সাথে সামঞ্জ্যতা রাখার প্রস্তাব দেন। তিনি আরও বলেন, শুধু ঢাকার বাজারেই নয়; স্থানীয় পর্যায়েও সুপারসপ ও বাজারে পণ্যসমূহ সম্পর্কে প্রচারণা করা উচিত। এ লক্ষ্যে তিনি কৃষি বিপণন অধিদপ্তররের দৃষ্টি আকর্ষণ করেন এবং প্রয়োজনে বাংলাদেশ GAP অনুসৃত পণ্য বাজারে আসছে এ বিষয়ে মিডিয়াতে প্রচারণার অনুরোধ জানান।

০.৫। জনাব মো. জাকির হোসেন, সভাপতি সুপার স্টোর এসোসিয়েশন বলেন, সুপার স্টোরে পণ্য বিক্রি করার ক্ষেত্রে উক্ত স্টোরের নিয়মাবলী অনুসরণ করতে হয়। এক্ষেত্রে মান নিয়ন্ত্রণ ও ধারাবাহিকতা খুবই জরুরি। নানা প্রতিবন্ধকতার কারণে ইতোপূর্বে অনেক পণ্য বিক্রি শুরু হলেও পরবর্তীতে বন্ধ হয়ে যায় তা উল্লেখপূর্বক তিনি তাঁর অভিজ্ঞতার আলোকে বলেন, উত্তম কৃষি চর্চা'র মাধ্যমে উৎপদিত পণ্য অবশ্যই নিরাপদ হতে হবে তবে



Salam

এক্ষেত্রে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণের সচেষ্ট ভূমিকা এবং সততার বিষয়টি'র প্রতি গুরুত্বারোপ করেন। এছাড়াও তিনি ল্যাব পরীক্ষাসহ অন্যান্য বিষয় যা পণ্যকে নিরাপদ রাখতে ভূমিকা রাখবে এর যথাযথ বাস্তবায়নেরও তাগিদ দেন। এতদসঙ্গে তিনি উৎপাদিত পণ্যসমূহ বিভিন্ন সুপার স্টোরে বিক্রয়সহ প্রচারের উদ্যোগ গ্রহণের সার্বিক সহযোগিতার আশাবাদ ব্যক্ত করেন।

০.৬। জনাব কাঞ্চন মিয়া, ব্যবস্থাপনা পরিচালক, হাজরা এগ্রো (প্রাইভেট) লিঃ বলেন, বর্তমান প্রেক্ষাপটে উত্তম কৃষি চর্চার সার্টিফিকেশন ছাড়া পণ্য রপ্তানি করা সুযোগ কমে আসবে এবং এটি যথাযথ বাস্তবায়ন খুবই আশাব্যঞ্জক। তবে কৃষকদের এ ব্যাপারে সচেতনা বৃদ্ধিসহ উত্তম কৃষি চর্চা অনুসরণ করার সুপারিশ করেন।

০.৭। জনাব কাউসার আহমেদ, গ্রিণ গ্লোবাল প্রোপাইটর লিঃ বলেন, পণ্য বাজারজাত করার ক্ষেত্রে প্যাকেজিং একটি আকর্ষণীয় বিষয়। GAP পণ্য বাজারজাত করার ক্ষেত্রে এ বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। এছাড়াও তিনি রপ্তানি'র ক্ষেত্রে মাল্টি স্টেকহোল্ডারের সমন্বয় সাধন করাসহ অন্যান্য খরচ (বিমান ভাড়া) যেন সীমিত পর্যায়ে রাখা যায় সে জন্য সংশিষ্ট সরকারের দপ্তরকে অবহিতরণের বিষয়টি'র প্রতি দৃষ্টি আর্কষণ করেন।

**৮.০। অত:পর সভার আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

৮.১। কৃষি বিপণন অধিদপ্তর GAP ভেলিডেশন ট্রায়াল হতে উৎপাদিত পণ্য বিভিন্ন সুপারসপসহ স্থানীয় বাজারে ভোক্তা পর্যায়ে সচেতনা'র উদ্যোগসহ বাজারজাতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৮.২। কৃষি বিপণন অধিদপ্তরকে বাংলাদেশ GAP অনুসরণকৃত উৎপাদিত পণ্যের প্রচার প্রচারণার (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে) বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।

৮.৩। হর্টেক্স ফাউন্ডেশন পণ্যের ওজন ও আকার অনুযায়ী প্যাকেট তৈরিসহ প্রচারণার লক্ষ্যে রপ্তানিকারকদের নিকট সরবরাহ করবে।

৮.৪। বাংলাদেশ GAP অনুসরণকৃত ট্যাগ পণ্যের প্যাকেট এবং বড় পণ্যের (যেমন: কাঁঠাল, লাউ) ক্ষেত্রে পণ্যের গায়ে ঝুলিয়ে দিতে হবে। এক্ষেত্রে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ট্যাগ প্রস্তুত করবে।

৮.৫। বাংলাদেশ GAP অনুসরণকৃত পণ্যের মূল্য নির্ধারণে স্থানীয় বাজারের সাথে সামঞ্জ্যপূর্ণ হতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Salam 20/05/2024

ড. মোঃ আবদুছ ছালাম
সদস্য পরিচালক (শস্য)
ও
আহবায়ক, GAP ইউনিট
বিএআরসি।

**বাংলাদেশ GAP প্রোটোকল অনুসরণে উৎপাদিত পণ্যের বাজারজাতকরণের কৌশল নির্ধারণ বিষয়ে আয়োজিত সভায় অংশগ্রহণকারীদের উপস্থিতি-**

স্থান: সম্মেলন কক্ষ-২, বিএআরসি | তারিখ: ১৮ মে, ২০২৪ খ্রি.

| ক্র.নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | হাজরা এগ্রো (প্রা:) লি: ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ কামরুজ্জামান মিলন | ই-মেইল: hazraagroltd@gmail.com মোবাইল: 01724284888 | |
| ০২ | দীপক কুমার দাস ম্যানেজার মেসার্স দীপা ইন্টারন্যাশনাল | ই-মেইল: dipmsintl@gmail.com মোবাইল: 01712834907 | |
| ০৩ | KOWSAR AHMED KAMAL PROPRIETOR NAFIZA ENTERPRISE | ই-মেইল: ~~IAF~~ info@authentic freight system.com মোবাইল: 01712384852 | |
| ০৪ | Md. Monjur Alam MD. TRUST AGRO FOOD PRODUCTS | ই-মেইল: trustfoodbd@gmail.com মোবাইল: 01819281669 | |
| ০৫ | MD. ZAKIR Hossain Bangladesh Super Market Owners Association. | ই-মেইল: zakir-gme@yahoo.com মোবাইল: 01712643694. | |
| ০৬ | Dr. Md. Mosharraf Uddin Molla MD(AERS), BARC | ই-মেইল: মোবাইল: 01552434792 | 28/05/2024 |
| ০৭ | Mohammed Shafiuzzaman, DD. HW. DAE | ই-মেইল: shafiqsril@gmail.com মোবাইল: 01703858628 | |
| ০৮ | Dr. Zakiah Rahman Moni PSO (Nutrition), BARC | ই-মেইল: zakiah@barc.gov.bd মোবাইল: 01712-634352 | ২৮/০৫/২৪ |

**বাংলাদেশ GAP প্রোটোকল অনুসরণে উৎপাদিত পণ্যের বাজারজাতকরণের কৌশল নির্ধারণ বিষয়ে আয়োজিত সভায় অংশগ্রহণকারীদের উপস্থিতি-**

স্থান: সম্মেলন কক্ষ-২, বিএআরসি | তারিখ: ১৮ মে, ২০২৪ খ্রি.

| ক্র.নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০৯ | মিতুল কুমার সাহা<br>যুগ্ম-পরিচালক (বিপণন)<br>হর্টেক্স ফাউন্ডেশন | ই-মেইল: mitulsaha@hortex.org<br>mitulecon@gmail.com<br>মোবাইল: 01711-370491 | [signature] ১৮/০৫/2024 |
| ১০ | ড. শীলা ওয়াদুদ<br>প্রকল্প পরিচালক, কনসালটেন্ট, [illegible]<br>ফেসিলিটেশন, GAP, DAM | ই-মেইল: shilawadudgap@gmail.com<br>মোবাইল: 01711527865 | [signature] ১৮/০৫/২৫ |
| ১১ | ড. মিয়া সাইদ হাসান<br>GAP কনসালটেন্ট, APCU-BARC PARTNER, | ই-মেইল:<br>মোবাইল: 01911740390 | [signature] ১৮/৫/২৪ |
| ১২ | ড. মো: আবদুস সালাম<br>সদস্য-পরিচালক (শস্য)<br>বিএআরসি | ই-মেইল:<br>মোবাইল: 01552398504 | Salam ১৮/৫/২০২৪ |
| ১৩ | Mushtaque Ahmad Shah<br>M/S SHAH TRADERS<br>Proprietor | ই-মেইল:<br>মোবাইল: 01711182543 | [signature] ১৮/০৫/২৪ |
| | | ই-মেইল:<br>মোবাইল: | |
| | | ই-মেইল:<br>মোবাইল: | |
| | | ই-মেইল:<br>মোবাইল: | |